12

আজকের কাগজ

তারিখ ... 16 SEP 1996
পৃষ্ঠা ৬ কলাম ৪

# 'সবার জন্যে মানসম্পন্ন শিক্ষা' বাস্তবায়নের অঙ্গীকার নিয়ে সারা দেশে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

**গত ৮ সেপ্টেম্বর ছিলো আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। এবারে এ দিবসের প্রতিপাদ্য বিষয় ছিলো 'সবার জন্যে মানসম্পন্ন শিক্ষা'। আগামী ১০ বছরের মধ্যে সকলকে শিক্ষিত করার অঙ্গীকার নিয়ে সারাদেশে দিবসটি পালিত হয়েছে। এ উপলক্ষে সারাদেশে সরকারি বেসরকারি উদ্যোগে সেমিনার, র‍্যালি, আলোচনা সভা, নাটকের আয়োজন করা হয়। এ নিয়ে আমাদের প্রতিনিধিদের পাঠানো খবর—**

**হবিগঞ্জ** থেকে বাদল রায় জানান, অন্যান্য স্থানের মতো হবিগঞ্জেও সাক্ষরতা দিবস পালিত হয়েছে। এ দিবসটি উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন ও উপানুষ্ঠানিক শিক্ষা অধিদফতরের যৌথ উদ্যোগে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে। কর্মসূচির মধ্যে ছিলো বর্ণাঢ্য র‍্যালি, গণশিক্ষা, মেলা ও আলোচনা সভা। সকালে স্থানীয় সার্কিট হাউজে আগামী ১০ বছরের মধ্যে নিরক্ষরতা দূরিকরণে উপানুষ্ঠানিক শিক্ষার ভূমিকা শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন— সাংসদ এনামুল হক, মোস্তফা শহীদ, পৌর চেয়ারম্যান, শহীদ চৌধুরী, জেলা প্রশাসক এমএম ইফতেখার-ই-আলম, উপানুষ্ঠানিক শিক্ষার জেলা কো-অর্ডিনেটর মোঃ রিপন কবির লস্কর, জেলা শিক্ষা কর্মকর্তা গৌরাংগ প্রসাদ বৈরাগী, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাতার, ইসলামী ফাউন্ডেশনের উপ-পরিচালক হাবিবুল মতিন সরকার, প্রাক্তন থানা শিক্ষা কর্মকর্তা আঃ আলী, প্রাক্তণ প্রধান শিক্ষক তছির উদ্দিন চৌধুরী, পিটিআইয়ের প্রশিক্ষণার্থী আঃ ওয়াহিদ ও খাদিজা কোম।




আন্তর্জাতিক সাক্ষরতা দিবসে গণসাক্ষরতা অভিযান ও স্বেচ্ছাসেবী সংগঠন বরিশাল শহরে বর্ণাঢ্য র‍্যালি বের। আলোচনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন— বিভাগীয় কমিশার ইয়াহিয়া মোল্লা ও এডাবের আঞ্চলিক মাঠকর্মকর্তা গাজী মোস্তফা কামাল
ছবি : মীর মনিরুজ্জামান

**পলাশবাড়ী** থেকে আলী আজগর জানান, নিরক্ষর জনগোষ্ঠীকে অক্ষর জ্ঞানদানের অঙ্গীকার নিয়ে গত ৮ সেপ্টেম্বর যথাযোগ্য মর্যাদায় পলাশবাড়ীতে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়েছে। থানা শিক্ষা বিভাগ দিনভর কর্মসূচি গ্রহণ করে। স্থানীয় টিটিডিসি হলে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন, সাংসদ ডাঃ টি আইএম ফজলে রাব্বী চৌধুরী। থানা নির্বাহী কর্মকর্তা বিকাশ চন্দ্র সাহার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, আওয়ামী লীগ নেতা শাখয়াত জামান বাবু, সাবেক সাংসদ তোফাজ্জল হোসেন, থানা শিক্ষা কর্মকর্তা, সহকারি শিক্ষক কর্মকর্তা প্রমুখ।

**সাঘাটা** প্রতিনিধি জানান, আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে গাইবান্ধা জেলার সাঘাটা থানার সরকারি-বেসরকারি সংস্থাসমূহ সম্মিলিতভাবে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে। সারাদিনব্যাপী অনুষ্ঠানসূচির মধ্যে ছিলো র‍্যালি, ছোটদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, কলেজ ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থিদের জন্যে রচনা প্রতিযোগিতা, বয়স্ক শিক্ষার্থিদের জন্যে চিঠি লিখন প্রতিযোগিতা, লাঠি খেলা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। ইউএসটির সহযোগী সংগঠন 'উদয়ন স্বাবলম্বী সংস্থার' সমন্বয়কারী শাহাদত হোসেন মণ্ডলের সভাপতিত্বে উদয়ন মহিলা কলেজ মাঠে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন— ফরহাদ হোসেন, অরুণ কান্তি প্রমুখ।